গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট
ক্লিনিক ভবন, বিসিএসআইআর কমপ্লেক্স
ধানমন্ডি, ঢাকা।

নং:৩৯.০৯.০০০০.০০০.২৫.০০৩.১৭.৫৮

তারিখ: ১০ মাঘ ১৪২৪
২৩ জানুয়ারি ২০১৮

**বিষয় :** ২০১৭-১৮ অর্থ বছরে দ্বিতীয় দফায় বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট এর আওতায় শুধুমাত্র বিজ্ঞান এবং প্রযুক্তি বিষয়ে দেশে-বিদেশে উচ্চতর শিক্ষায় (এমএস, পিএইচডি, পিএইচডি উত্তর) ফেলোশিপ প্রদানের জন্য বিজ্ঞপ্তি প্রকাশ।

বর্ণিত বিষয়ে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট এর সংযুক্ত বিজ্ঞপ্তিটি আপনার প্রতিষ্ঠানের ওয়েবসাইটে প্রকাশসহ বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ১ (এক) ফর্দ।

মোহাম্মদ আবদুল মান্নান
প্রধান নির্বাহী কর্মকর্তা
বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট
ফোন-৯৫৭৪৮৮৭

বিতরণ (জ্যেষ্ঠতা অনুসরণ করা হয়নি)

১। মন্ত্রিপরিষদ সচিব/মুখ্য সচিব
২। ~~সিনিয়র সচিব~~/সচিব, মন্ত্রণালয়/বিভাগ (সকল) নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার (সকল)
৪। চেয়ারম্যান/মহাপরিচালক/প্রধান প্রকৌশলী/প্রধান স্থপতি
৫। জেলা প্রশাসক (সকল)
৬। রেজিস্ট্রার,

অনুলিপিঃ
১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (বিপ্র), বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। অফিস কপি/গার্ড ফাইল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট
ক্লিনিক ভবন, বিসিএসআইআর কমপ্লেক্স
ধানমন্ডি, ঢাকা।

নং:৩৯.০০.০০০০.০০০.২৫.০০৩.১৭.

তারিখ: ০৪ পৌষ ১৪২৪ / ১৭ জানুয়ারি ২০১৮

## ফেলোশিপ বিজ্ঞপ্তি

**বিষয় : ২০১৭-১৮ অর্থ বছরে দ্বিতীয় দফায় বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট এর আওতায় শুধুমাত্র বিজ্ঞান এবং প্রযুক্তি বিষয়ে উচ্চতর শিক্ষায় (এমএস, পিএইচডি, পিএইচডি উত্তর) ফেলোশিপের আবেদন আহ্বান।**

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্টের আওতায় বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ে দেশে-বিদেশে উচ্চতর শিক্ষায় (এমএস, পিএইচডি, পিএইচডি উত্তর) ফেলোশিপ প্রদানের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট থেকে নিম্নবর্ণিত শর্ত ও নীতিমালা অনুযায়ী নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

(১) বোর্ড বা বিশ্ববিদ্যালয়ের ন্যূনতম ৩টি প্রথম বিভাগ/শ্রেণি/সমমান থাকতে হবে অথবা সিজিপিএ ৩.০০ (স্কেল ৪.০ এর ক্ষেত্রে) এবং সিজিপিএ ৪.০০ (স্কেল-৫.০০ এর ক্ষেত্রে) অথবা ৬০% বা তদূর্ধ্ব নম্বর থাকতে হবে এবং কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ/শ্রেণি বা সমতুল্য গ্রহণযোগ্য হবে না ।

(২) দেশে ডক্টরাল ও পোস্ট ডক্টরাল কোর্সে বাংলাদেশের খ্যাতিমান পাবলিক বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নের জন্য ফেলোশিপ প্রদান করা হবে এবং বিদেশে এমএস/সমমান ও ডক্টরাল কোর্সে এশিয়া ও ইউরোপ মহাদেশের বিভিন্ন দেশে এবং অস্ট্রেলিয়ার বিভিন্ন বিশ্ববিদ্যালয়/ইন্সটিটিউটে অধ্যয়নের জন্য ফেলোশিপ প্রদান করা হবে। তবে যে সকল দেশের সঙ্গে বাংলাদেশের সরাসরি আর্থিক লেনদেন নেই সে সকল দেশে অধ্যয়নের জন্য আবেদন গ্রহণযোগ্য হবে না।

(৩) আবেদন জমাদানের শেষ তারিখে বয়স এমএস (বিদেশে) কোর্সের ক্ষেত্রে অনূর্ধ্ব ৪০ বছর, ডক্টরাল (দেশে ও বিদেশে) কোর্সের ক্ষেত্রে অনূর্ধ্ব ৪৪ বছর, পোস্ট ডক্টরাল (দেশে) কোর্সের ক্ষেত্রে অনূর্ধ্ব ৪৮ বছর হতে হবে।

(৪) যারা এমএস (বিদেশে), ডক্টরাল (দেশে ও বিদেশে), পোস্ট ডক্টরাল (দেশে) কোর্সে ভর্তি হয়েছেন/ ভর্তির অফার পেয়েছেন কিন্তু আর্থিক অনুদানের অভাবে শিক্ষাজীবন আরম্ভ করতে পারছেন না তাদের অগ্রাধিকার প্রদান করা হবে।

(৫) স্নাতকোত্তর পর্যায়ে ইংরেজিতে অভিসন্দর্ভ রচনার পূর্ব অভিজ্ঞতা থাকতে হবে।

(৬) কম্পিউটার সম্পর্কে Microsoft Office, E-mail, Internet Browsing এ অভিজ্ঞতা রয়েছে, দেশি/বিদেশি জার্নালে গবেষণামূলক প্রবন্ধ প্রকাশ করেছেন এবং বিবাহিত প্রার্থী যাদের অনধিক ২ সন্তান রয়েছে এমন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।

(৭) ট্রাস্ট অফিস হতে ফেলোশিপের আবেদন ফরম সংগ্রহ করা যাবে অথবা বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.most.gov.bd) হতেও ডাউনলোড করা যাবে।

(৯) মনোনীত প্রার্থীদের সর্বোচ্চ দুই বছর মেয়াদি এমএস (বিদেশে)/চার বছর মেয়াদি ডক্টরাল (দেশে ও বিদেশে)/এক বছর মেয়াদি পোস্ট ডক্টরাল (দেশে) কোর্সের জন্য ফেলোশিপ প্রদান করা হবে এবং ছয়মাস অন্তর-অন্তর কাজের অগ্রগতি মূল্যায়ন করা হবে।

(১০) ট্রাস্ট কর্তৃক গঠিত একটি কমিটি প্রার্থীদের দরখাস্ত বিবেচনা করে নির্বাচনের সুপারিশ করবে, যা এওয়ার্ড কমিটি চূড়ান্ত করবে।

(১১) নির্বাচিত ফেলোর গ্যারান্টরগণ এই মর্মে ৩০০ টাকার ননজুডিশিয়াল স্ট্যাম্পে বন্ড প্রদান করবেন যে, ডিগ্রি লাভের পর ফেলো নিজ দেশের সরকারি অথবা কোন সংস্থায় চাকুরি/ সেবা প্রদান করবেন। শর্ত ভঙ্গকারী ফেলোদের বিরুদ্ধে অর্থ আদায়সহ আইনানুগ ও বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

(১২) মনোনীত প্রার্থীকে শারীরিক ও মানসিকভাবে উপযুক্ত হতে হবে।

(১৩) সম্প্রতি তোলা ৩ কপি পাসপোর্ট সাইজের ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদ, পরীক্ষার মার্কশীট/গ্রেড পয়েন্ট এর সত্যায়িত কপি, ভর্তির অফার লেটার, সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের গবেষণা কর্মের সুপারভাইজার এর মতামতসহ পূরণকৃত আবেদনপত্র আগামী ২৫-০২-২০১৮ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট (প্রধান নির্বাহী কর্মকর্তা, বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (BCSIR), ক্লিনিক ভবন, ৩৪, ডঃ কুদরত-ই খুদা সড়ক, ধানমন্ডি, ঢাকা-১২০৫) রেজিস্ট্রার্ড ডাকযোগে বা সরাসরি পৌঁছাতে হবে। নির্ধারিত সময়ের পর প্রাপ্ত কোন আবেদনপত্র বিবেচনা করা হবে না ।

(১৪) দেশে অধ্যয়নরত প্রার্থীগন স্ব-স্ব বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের মাধ্যমে (অথবা বিভাগীয় প্রধানের মাধ্যমে) আবেদন করবেন এবং সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করবেন।

(১৫) কর্তৃপক্ষ যে কোন সময় এ বিজ্ঞপ্তি বাতিল/পরিবর্তন/পরিবর্ধন এবং যে কোন ফেলোর আবেদন বিবেচনা/বাতিলের নিরঙ্কুশ ক্ষমতা সংরক্ষণ করেন।

১৬) ফেলোশিপ প্রদান সম্পর্কিত নীতিমালাটি বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে দেখা যাবে।

১৭-০১-১৮

মোহাম্মদ আবদুল মাননান
প্রধান নির্বাহী কর্মকর্তা
বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট
ফোন-৯৫৭৪৮৮৭